



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd

দূরলাপনীঃ ০২৪৭৭-৭২২৮৮২

E-mail: azamkhacollege@yahoo.com  
azamkhacollege@gmail.com



তারিখ : ০৬/১১/২০২৪

## বোর্ডবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

আযম খান সরকারি কমার্স কলেজে একাদশ শ্রেণিতে (শিক্ষাবর্ষ ২০২৪-২৫) অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের এসএসসি বোর্ড পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা ও সাধারণ কোটায় বোর্ডবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ G2P পদ্ধতিতে (EFT) মাধ্যমে অনলাইনে সরাসরি শিক্ষার্থীদের একাউন্টে প্রেরণ করা হবে ।

এমতাবস্থায় ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্ৰাপ্ত নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রশাসনিক ভবনের ২য় তলা থেকে কলেজ কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক আগামী ১৭/১১/২০২৪ তারিখের মধ্যে উক্ত স্থানে কলেজ হিসাবরক্ষক এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো । মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীরাও একই নিয়মে তথ্য ফরম জমা দিবে । পাস কোর্স/ অনার্স ১ম বর্ষ (শিক্ষাবর্ষ ২০২৩-২৪) এবং অন্যান্য শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী যারা বৃত্তিপ্ৰাপ্ত হওয়া সত্ত্বেও ইতিপূর্বে আবেদন করেনি তাদেরকেও আবেদন করার নির্দেশ প্রদান করা হলো ।

\*বিভিন্ন জটিলতার জন্য যে সকল শিক্ষার্থীরা নিয়মিত বৃত্তি পাচ্ছে না তাদেরকে নির্ধারিত তারিখের মধ্যে কলেজ অফিসে যোগাযোগ করার জন্য বলা হলো ।

\* সঠিক তথ্য সরবরাহে ব্যর্থ হলে বৃত্তিপ্ৰাপ্তি জটিলতায় সংশ্লিষ্ট শিক্ষার্থী দায়ী থাকবে ।

### প্রয়োজনীয় তথ্যাদি :

১। শিক্ষার্থীদের তফসিলভুক্ত ব্যাংকে নিজ নামে ব্যাংক হিসাব খোলার কপি (ইংরেজিতে টাইপ করা নাম সম্বলিত ব্যাংকের দলিল যেমন : MICR চেক বা ব্যাংক স্টেটমেন্ট এর কপি)


বিঃদ্র: ব্যাংক শাখার নাম, রাউটিং নম্বর উল্লেখ থাকতে হবে ।

২। ১৩ - ১৭ ডিজিটের অনলাইন সচল ব্যাংক হিসাব নম্বর (বৃত্তির গেজেটে শিক্ষার্থীদের নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে) ।

৩। কলেজ কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম ।

বিঃদ্র: যে সকল শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক একাউন্ট নাই তাদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে ।

বিষয়টি অতীব জরুরী ।

  
প্রফেসর আনজুম সুলতানা (৬০৬১)  
অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা ।  
০৬/১১/২৪